দৈনিক ইত্তেফাক

তারিখ ...21 JUN 1994
পৃষ্ঠা ৩ কলাম ৬

## শিক্ষামন্ত্রী সকাশে মার্কিন রাষ্ট্রদূত

বাসস ॥ বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ডেভিড এন, মেরিল গত রবিবার শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারের সহিত সাক্ষাৎ করেন। তাহারা পারস্পরিক ও দ্বিপক্ষীয় স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি বিশেষ করিয়া বাংলাদেশে ইংরেজী ভাষা শিক্ষা, নারী শিক্ষা ও উচ্চ শিক্ষা প্রসঙ্গে আলোচনা করেন। মন্ত্রী

(৯ম পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী সকাশে

(৩য় পৃঃ পর)

যুক্তরাষ্ট্রের দূতকে জানান, ইংরেজী ভাষাকে প্রথম শ্রেণী হইতে ডিগ্রী পর্যায় পর্যন্ত বাধ্যতামূলক করা হইয়াছে এবং দেশে ইংরেজী ভাষাজ্ঞান ও শিক্ষার মান উন্নয়নের জন্য দ্বিতীয় ভাষা হিসাবে ইহাকে পুনর্বহাল করা হইয়াছে। মন্ত্রী তাহাকে নারী শিক্ষা সম্পর্কে অবহিত করিয়া বলেন যে, নারী শিক্ষাকে উৎসাহিত করার জন্য মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে ছাত্রীদের জন্য বৃত্তি কর্মসূচী চালু করা হইয়াছে এবং সরকার মাধ্যমিক পর্যায়ে মহিলা শিক্ষকের হার বৃদ্ধির বিষয় চিন্তা-ভাবনা করিতেছেন। শিক্ষামন্ত্রী বলেন, দেশে জাতীয় বিশ্ববিদ্যালয় ও বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহ প্রতিষ্ঠার পর সেশন জট প্রায় দূরীভূত হইয়াছে এবং ক্যাম্পাসে একাডেমিক শৃংখলা পুনঃপ্রতিষ্ঠা করা হইয়াছে। মার্কিন রাষ্ট্রদূত শিক্ষা খাতে বিভিন্ন কর্মসূচীর ব্যাপারে গভীর আগ্রহ দেখান এবং মন্ত্রীকে এক্ষেত্রে সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। শিক্ষা সচিব ইরশাদুল হক সেসময় উপস্থিত ছিলেন।